কালের কণ্ঠ

তারিখ ...0 1 . MAR. 
পৃষ্ঠা ...৩... কলাম....

## সর্বস্তরে বাংলা ভাষা

# সরকারি পদক্ষেপ জানতে চেয়েছেন হাইকোর্ট

নিজস্ব প্রতিবেদক ▷

সর্বস্তরে বাংলা ভাষা প্রচলনের ক্ষেত্রে সরকার কী পদক্ষেপ নিয়েছে তা জানতে চেয়েছেন হাইকোর্ট। একই সঙ্গে কোন আইনে সাইনবোর্ড, বিলবোর্ড ও ইলেকট্রনিক গণমাধ্যমে ইংরেজি ভাষায় অথবা বিদেশি বিজ্ঞাপন ডাবিং করে বাংলা ভাষায় প্রচার করা হচ্ছে তা সরকারের কাছে জানতে চাওয়া হয়েছে। ২৭ মের মধ্যে মন্ত্রিপরিষদসচিব ও তথ্যসচিবকে এ বিষয়ে প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে। ওই দিন এ বিষয়ে পরবর্তী শুনানির দিন ধার্য করা হয়েছে।

বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি আবু তাহের মো. সাইফুর রহমানের হাইকোর্ট বেঞ্চ গতকাল বৃহস্পতিবার এ আদেশ দেন। সব ক্ষেত্রে বাংলা ভাষার ব্যবহারসংক্রান্ত এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে জারি করা রুল এবং আগের আদেশ বাস্তবায়নসংক্রান্ত বিষয়ের ওপর শুনানিতে আদালত এ আদেশ দেন। এ সময় আদালতে রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল তাপস কুমার বিশ্বাস।

আদেশে বলা হয়, আদালত মনে করে, যেসব ক্ষেত্রে ইংরেজির ব্যবহারের প্রয়োজনীয়তা রয়েছে সেসব ক্ষেত্রে বাংলা ব্যবহারের পাশাপাশি সীমিত পরিসরে ইংরেজি ব্যবহার করা যাবে।

হাইকোর্ট গত বছরের ১৭ ফেব্রুয়ারি এক আদেশে এক মাসের মধ্যে দেশের সব সাইনবোর্ড, বিলবোর্ড, ব্যানার, গাড়ির নম্বর প্লেট, সরকারি দপ্তরের নামফলক (দূতাবাস, বিদেশি সংস্থা ও তৎসংশ্লিষ্ট ক্ষেত্র ছাড়া) বাংলা ভাষায় করার নির্দেশ দেন। একই সঙ্গে গণমাধ্যমে ইংরেজি বিজ্ঞাপন ও মিশ্র ভাষার ব্যবহার বন্ধে ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশ দেন। পাশাপাশি সব ক্ষেত্রে বাংলা ভাষা প্রচলনের উদ্দেশ্যে অবিলম্বে কেন প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে না, তা জানতে চেয়ে রুল জারি করা হয়। মন্ত্রিপরিষদ, আইন, স্বরাষ্ট্র, সংস্কৃতি, তথ্য ও শিক্ষাসচিবকে রুলের জবাব দিতে বলা হয়। এর ধারাবাহিকতায় গতকাল আদালত এ আদেশ দেন।